



৬ মার্চ ২০২৪ তারিখে সহায়ক কর্মচারীগণের কর্তব্যবোধ ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

৬ মার্চ ২০২৪ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির আয়োজনে সহায়ক কর্মচারীগণের দ্বিতীয় গ্রুপের কর্তব্যবোধ ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে। দুদিন ব্যাপী অনুষ্ঠেয় এ প্রশিক্ষণের দ্বিতীয় দিনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তর থেকে ৪৫ জন কর্মচারী (গ্রেড ১১-১৯) অংশগ্রহণ করেছেন। উভয়দিনের প্রশিক্ষণার্থীগণকেই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর নিয়মতান্ত্রিকভাবে মনোনয়ন প্রদান করেছে। প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। প্রশিক্ষকের দায়িত্ব পালন করেছেন বরিশালের অতিরিক্ত বিভাগীয় কমিশনার জনাব মোঃ পারভেজ হাসান বিপিএএ, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব মো. মনিরুল ইসলাম এবং জনাব বরুণ কুমার দে, সহকারী পরিচালক, অর্থ ও হিসাব, বরিশাল বিশ্ববিদ্যালয়। উদ্বোধনী পর্বের সভাপতি ছিলেন প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন, পরিচালক, আইকিউএসি এবং উদ্বোধনী পর্বের সঞ্চালনায় ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. তাজিজুর রহমান।





আইকিউএসি কার্যালয়
বরিশাল বিশ্ববিদ্যালয়
e-mail: director-igac@bu.ac.bd

